# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৮৫

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ সেই দিন সিয়াম রাখা নিষেধ, যে দিনের ব্যাপারে ব্যক্তি সন্দেহ পোষন করে যে, এটা কি শা‘বান মাস নাকি রমযান মাস

## ذِكْرُ الزَّجْرِ عَنْ أَنْ يَصُومَ الْمَرْءُ الْيَوْمَ الذي يَشُكُّ فيه من أَمِنْ شَعْبَانَ هُوَ أُمْ مِنْ رَمَضَانَ

---

আরবী

3585 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عُلَيَّةَ عَنْ أَيُّوبَ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ: (إِنَّمَا الشَّهْرُ تِسْعٌ وَعِشْرُونَ فَلَا تَصُومُوا حَتَّى تَرَوْهُ وَلَا تُفْطِرُوا حَتَّى تَرَوْهُ فَإِنْ أُغْمِيَ عليكم فاقدروا له)

الراوي : ابْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3585 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2008 و 2009): ق.

বাংলা

৩৫৮৫. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “মাস ২৯ দিনে হয়। আবার কোন মাস ৩০ দিনেও হয়। কাজেই তোমরা চাঁদ না দেখে সিয়াম শুরু করবে না  এবং চাঁদ না দেখে সিয়াম রাখা বাদও দিবে না। যদি তোমাদের কাছে আকাশ মেঘাচ্ছন্ন হয়, তবে তোমরা ৩০ দিন গণনা করবে।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১০৮০; মুসনাদ আহমাদ: ২/১৩; সহীহ ইবনু খুযাইমাহ: ১৯১৩; আবূ দাঊদ: ২৩২০; সুনান বাইহাকী: ৪/২০৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২০০৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92920

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন